# সভার বিজ্ঞপ্তি নির্দেশিকা

Mayor's Office for People with Disabilities

# ভূমিকা

সিটির এজেন্সিগুলি এবং তাদের প্রতিবন্ধকতা পরিষেবা সহায়কদের (Disability Service Facilitators) বিজ্ঞপ্তি, পোস্টার ও অন্যান্য প্রচার সামগ্রী প্রস্তুত করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে, যেগুলি প্রতিবন্ধকতা থাকা মানুষদের নিউ ইয়র্ক সিটির সরকারি অনুষ্ঠান ও সভাগুলিতে প্রবেশাধিকার সম্বন্ধে তথ্য প্রদান করে। প্রবেশযোগ্যতার বিষয়ে তথ্য যাতে দ্রুত উপলভ্য হয় তা সুনিশ্চিত করার জন্য যত্নসহকারে পরিকল্পনা করার প্রয়োজন হয়। এই নির্দেশিকাটি সেই পরিকল্পনায় সাহায্য করবে, যার মধ্যে আছে সভার বিজ্ঞপ্তির বিষয়ে তথ্য, অনুষ্ঠানে কার্যকর যোগাযোগ, অনুষ্ঠান বা সভার স্থানে প্রবেশ এবং অনুষ্ঠান বা সভায় উপলভ্য প্রবেশসাধ্য সামগ্রীগুলি।

সর্বসাধারণের জন্য উন্মুক্ত সরকারি অনুষ্ঠান ও সভাগুলিতে প্রতিবন্ধকতা থাকা মানুষদের প্রবেশাধিকার নিউ ইয়র্ক সিটির কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। US জনগণনা 2014 জনসমাজের সমীক্ষা অনুযায়ী নিউ ইয়র্কবাসীদের প্রতি আটজনের মধ্যে একজন কোনো প্রতিবন্ধকতা আছে বলে পরিচয় দিয়েছেন, এবং তাদের জন্য আমরা অন্তর্ভুক্তিকর হতে চাই এবং সরকারি কর্মসূচি, পরিষেবা ও ক্রিয়াকলাপগুলিতে তাদের অংশগ্রহণে সহায়তা করতে চাই।

# অনুষ্ঠানের বিজ্ঞপ্তি ও সভার ঘোষণা

সিটির আইন অনুযায়ী সর্বসাধারণের জন্য উন্মুক্ত অনুষ্ঠান ও সভাগুলির জন্য সমস্ত বিজ্ঞাপন, পোস্টার, আমন্ত্রণ, বিজ্ঞপ্তি ও অন্যান্য প্রচার সামগ্রীতে -- তা সেটা মুদ্রিত বা বৈদ্যুতিন মাধ্যমে যাই হোক না কেন -- প্রতিবন্ধকতা থাকা মানুষদের জন্য স্থানটিতে প্রবেশসাধ্যতা ও অন্যান্য স্বাচ্ছন্দ্যবিধান সম্বন্ধে তথ্য প্রদান করতে হবে। স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধ করার জন্য একটি ইমেল ঠিকানা ও টেলিফোন নম্বর এবং যে সময়সীমার মধ্যে সেই অনুরোধটি করতে হবে তা সহ, সামগ্রীগুলিতে অবশ্যই যোগাযোগের তথ্য প্রদান করতে হবে। অনুরোধ করার জন্য একটি যুক্তিযুক্ত সময়সীমা হল সভা বা অনুষ্ঠানের 48 বা 72 ঘন্টা আগে পর্যন্ত, যা সিটি এজেন্সিটিকে স্বাচ্ছন্দ্যবিধানের ব্যবস্থা করার জন্য পর্যাপ্ত সময় দেয়।

সিটির আইন অনুযায়ী অনুষ্ঠানগুলির বিজ্ঞপ্তিতে, নির্বাচিত ধরনের মাধ্যমের জন্য বাস্তবসম্মত সীমা পর্যন্ত, নিম্নলিখিতগুলির লভ্যতার প্রসঙ্গে তথ্য অন্তর্ভুক্ত করা আবশ্যক:

- হুইলচেয়ারের প্রবেশসাধ্যতা;
- যোগাযোগের অ্যাক্সেস, বাস্তব সময়ে অনুবাদ;
- সাইন ল্যাঙ্গুয়েজ অনুবাদ;
- শোনার সহায়ক ব্যবস্থা, এবং যখন উপলভ্য থাকে, সুনির্দিষ্ট প্রকারের ব্যবস্থা, যার মধ্যে অন্তর্ভুক্ত হল ইন্ডাকশন লুপ শোনার সহায়ক ব্যবস্থা, তবে এতেই সীমিত নয়; এবং
- প্রতিবন্ধকতা থাকা মানুষদের জন্য অন্য কোনো স্বাচ্ছন্দ্যবিধান, যা অনুষ্ঠানটির জন্য অনুষ্ঠানস্থল বা অনুষ্ঠানস্থলগুলিতে উপলভ্য থাকবে।

আইনটি অনুযায়ী, উপলভ্য স্বাচ্ছন্দ্যবিধানগুলি সম্বন্ধে তথ্য প্রদান করার সময়ে এই নির্দেশিকায় প্রদর্শিত আন্তর্জাতিক প্রতীকগুলি ব্যবহার করা আবশ্যক।

বিজ্ঞপ্তিগুলিতে যে অতিরিক্ত তথ্য প্রদান করা যেতে পারে তার মধ্যে আছে:

- নিকটবর্তী বাস স্টপের অবস্থান প্রদান করা;
- নিকটবর্তী প্রবেশসাধ্য সাবওয়ে স্টেশনের অবস্থান প্রদান করা;
- নিকটবর্তী পার্কিং সুবিধার ওপরে তথ্য প্রদান করা;
- সেবা প্রদানকারী পশুদের রিলিফ এরিয়ার বিষয়ে তথ্য প্রদান করা;
- তীব্র অ্যালার্জি, পরিবেশগত অসুস্থতা, একাধিক রাসায়নিক সংবেদনশীলতা বা সম্পর্কিত প্রতিবন্ধকতাগুলি আছে এমন মানুষদের স্বাচ্ছন্দ্যবিধানের জন্য উপস্থিত ব্যক্তিবৃন্দকে পারফিউম, কোলোন ও অন্যান্য সুগন্ধী ব্যবহার করা থেকে বিরত থাকতে অনুরোধ করা।

## যুক্তিযুক্ত পরিবর্তন

একটি সিটি এজেন্সিকে প্রবেশসাধ্য স্থানগুলিতে সর্বজনীন সভা পরিচালনা করতে হবে। যদি এটা সম্ভব না হয়, তাহলে যে ব্যক্তিরা সভার স্থানে প্রবেশ করতে পারেন না তাদের জন্য এজেন্সিটিকে যুক্তিযুক্ত স্বাচ্ছন্দ্যবিধান প্রদান করতে হবে, যেমন ভিডিওর মাধ্যমে দূরবর্তী অ্যাক্সেস প্রদান করা। এছাড়াও, যদি কোনো এজেন্সি একটি সর্বজনীন সভায় লিখিত সামগ্রী প্রদান করে, সেই ক্ষেত্রে অনুরোধ করা হলে, সামগ্রীগুলি বড় ছাপার হরফে, ব্রেইল বা অডিও ফরম্যাটের মত বিকল্প ফরম্যাটগুলিতে প্রদান করতে হবে।

## কার্যকর যোগাযোগ

একটি যোগাযোগ সহায়ক বা পরিষেবা চয়ন করার সময়ে, প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তির দ্বারা অনুরোধকৃত সহায়ক বা পরিষেবাটিকে মুখ্যরূপে বিবেচনা করা সিটি এজেন্সির পক্ষে আবশ্যক। সিটি এজেন্সিকে ব্যক্তিটির পছন্দকে অবশ্যই সম্মান দিতে হবে, যদি না এজেন্সিটি প্রমাণ দিতে পারে যে যোগাযোগের আরেকটি কার্যকর পদ্ধতি উপলভ্য আছে, অথবা অনুরোধকৃত পদ্ধতিটি ব্যবহার করা হলে পরিষেবা, কর্মসূচি বা ক্রিয়াকলাপের প্রকৃতিতে মৌলিক পরিবর্তন ঘটবে অথবা একটি অযৌক্তিক আর্থিক ও প্রশাসনিক বোঝা চাপবে। প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিটির দ্বারা ব্যক্ত পছন্দটির ফলে যদি একটি অযৌক্তিক বোঝা বা মৌলিক পরিবর্তন ঘটে, তাহলেও কার্যকর যোগাযোগ প্রদান করবে এমন একটি বিকল্প সহায়তা বা পরিষেবা প্রদান করার জন্য সরকারি সত্তাটির একটি বাধ্যবাধকতা আছে, যদি এমন কিছু উপলভ্য থাকে।

কোনো নির্দিষ্ট সহায়তা বা পরিষেবার ফলে অযৌক্তিক আর্থিক ও প্রশাসনিক বোঝা চাপবে কিনা তা নির্ধারণ করার ক্ষেত্রে, সিটি এজেন্সিটিকে কর্মসূচি, পরিষেবা বা ক্রিয়াকলাপের অর্থায়নের জন্য উপলভ্য সমস্ত সংস্থানগুলির পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট সহায়তা বা পরিষেবাটির খরচ এবং অন্যান্য খরচ বা কাজকর্মের ওপরে প্রভাবকে বিবেচনা করতে হবে। একটি নির্দিষ্ট সহায়তা বা পরিষেবার ফলে একটি অযৌক্তিক বোঝা চাপবে সেই সিদ্ধান্তটি অবশ্যই একজন উষ্চ স্তরীয় আধিকারিককে গ্রহণ করতে হবে, যাকে অন্ততঃপক্ষে একজন বিভাগীয় প্রধান হতে হবে, এবং সেই উপসংহারে উপনীত হওয়ার জন্য কারণগুলির একটি লিখিত বিবৃতি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

নিচে কিছু কোম্পানি ও সংস্থার নাম দেওয়া হয়েছে যারা নিউ ইয়র্ক সিটিতে সাইন ল্যাঙ্গুয়েজ অনুবাদক বা CART প্রতিলিপিকরণ পরিষেবা প্রদান করে:

Accurate Communication – 646-873-4000
( এই কোম্পানির সঙ্গে শহরব্যাপী পরিষেবাসমূহের বিভাগের (Department of Citywide Services) একটি চুক্তি আছে )

Sign Language Resources, Inc. - 888-964-5553

Comprehensive Network - 718-382-2020

New York Society for the Deaf - 212-366-0066

Deaf & Hard of Hearing Interpreting Services Inc. - 212-647-1092

All Hands in Motion - Pro. Sign Language Interpreters, LLC. - 718-997-0472

## মুদ্রিত সামগ্রী

সমস্ত মুদ্রিত বিজ্ঞপ্তি ও অন্যান্য সামগ্রীগুলি কমপক্ষে 18 পয়েন্ট ফন্টে হওয়া উচিত। বোল্ড টাইপ ব্যবহার করুন, কারণ অক্ষরগুলির স্থূলতা মুদ্রণকে আরও বেশি পাঠযোগ্য করে তোলে। হালকা রঙের পটভূমির সঙ্গে গাঢ় রঙের মুদ্রণ অথবা গাঢ় রঙের পটভূমির সঙ্গে হালকা রঙের মুদ্রণ ব্যবহার করে রঙের বৈপরীত্য প্রদান করুন। তির্যক (ইটালিক) ফন্টগুলি সহ, টানা হাতে লেখার আলংকারিক ফন্টগুলি এড়িয়ে চলুন, এবং সমস্ত বড় হাতের অক্ষর ব্যবহার করা এড়ান, যেহেতু এই ধরনের মুদ্রণ অক্ষরগুলির মধ্যে পার্থক্য বোঝাকে আরও বেশি কঠিন করে তোলে।

## বৈদ্যুতিন উপাদান

সমস্ত বৈদ্যুতিন উপাদান অবশ্যই এমন ফরম্যাটে হতে হবে যা দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের জন্য বোধগম্য অথবা একটি স্ক্রিন রিডার ব্যবহার করুন। বোধগম্য ফরম্যাটগুলির উদাহরণগুলিতে অন্তর্ভুক্ত হল Word ডকুমেন্ট, বোধগম্য PDF বা মৌলিক html। বৈদ্যুতিন উপাদানগুলি।

# প্রতীকগুলি

ইতিমধ্যে উপলভ্য থাকা স্বাচ্ছন্দ্যবিধানগুলি সম্বন্ধে তথ্য প্রদান করার সময়ে, শব্দের পরিবর্তে সর্বজনীনভাবে স্বীকৃত প্রতীকগুলি ব্যবহার করা বেশি কার্যকর হতে পারে, যা নিম্নরূপ:



হুইলচেয়ার এবং চলাফেরার অন্যান্য সরঞ্জাম ব্যবহারকারী ব্যক্তিদের জন্য স্থানটি প্রবেশসাধ্য




সাইন ল্যাঙ্গুয়েজ অনুবাদক প্রদান করা হয়





ইন্ডাকশন লুপ সিস্টেম উপলভ্য আছে



শোনার সহায়ক ব্যবস্থা উপলভ্য আছে (ইনফ্রারেড, FM, বা ইন্ডাকশন লুপ কোন ধরনের ব্যবস্থা আছে তা নির্দেশ করুন)




মুদ্রিত সামগ্রীগুলি ব্রেইলে প্রদান করা হয়




মুদ্রিত সামগ্রীগুলি বড় ছাপার হরফে প্রদান করা হয়




বাস্তব সময়ে শিরোনাম প্রদান করা হয়

অভিগম্যতার আন্তর্জাতিক প্রতীক এখানে ডাউনলোড করুন
ভিগঅম্যতার অন্য সকল প্রতীকগুলি এখানে ডাউনলোড করুন

# আনুষ্ঠানিক আমন্ত্রণের উদাহরণ

সংশ্লিষ্ট যে কারো উদ্দেশ্যে,

প্রবেশসাধ্যতার বিষয়ে আলোচনা করতে প্রতিবন্ধকতা থাকা মানুষদের জন্য NYC মেয়রের অফিস (Mayor's Office for People with Disabilities, MOPD) এর সঙ্গে যোগদান করতে আপনাকে আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হচ্ছে। সোমবার, 6 জুন, 2016 বিকাল 3 টে - 4 টে 100 Gold Street, 2nd Floor, New York, New York এ।

অনুগ্রহ করে 2 জুন বৃহস্পতিবার কার্যদিবস শেষ হওয়ার আগে, উপস্থিত ব্যক্তিবৃন্দ এবং তাদের সংশ্লিষ্ট সংস্থার নাম ও পদের সাথে rsvp@mopd.nyc.gov এ RSVP করুন।

প্রবেশাধিকার প্রদান করা হয়েছে:

C.A.R.T

100 Gold Street এর মূল প্রবেশদ্বারে একটি স্বয়ংক্রিয় দরজা আছে এবং হুইলচেয়ার ব্যবহারকারী ব্যক্তি ও প্রতিবন্ধকতা থাকা অন্য মানুষদের জন্য প্রবেশসাধ্য। একজন ASL অনুবাদক দ্বারা সভাটি অনুবাদ করা হবে, সভাকক্ষে CART ও ইন্ডাকশন লুপ সিস্টেম প্রদান করা হবে। দ্বিতীয় তলায় রেস্টরুমগুলি একটি একক ব্যবহারকারী রেস্টরুম সহ প্রবেশসাধ্য। প্রবেশসাধ্যতার বিষয়ে আরও তথ্য বা অনুরোধগুলির জন্য, অনুগ্রহ করে 4 জুনের মধ্যে MOPD–এর প্রতিবন্ধকতা পরিষেবা সহায়ককে (Disability Service Facilitator) mopd_dsf@mopd.nyc.gov এ ইমেল করুন অথবা (212) 555-5555 এ কল করুন।

NYC Mayor's Office for People with Disabilities

অনুষ্ঠানের প্রচারপত্রের উদাহরণ

# নিউ ইয়র্ক সিটি প্রতিবন্ধকতার গর্ব প্যারেড (Disability Pride Parade)

## সোমবার 10ই জুলাই, 2016
## সকাল 11:00 টা
## Union Square Park

<u>প্রবেশাধিকার প্রদান করা হয়েছে:</u>

**প্যারেডের যাত্রাপথটি সম্পূর্ণরূপে প্রবেশসাধ্য। প্রবেশসাধ্য পোর্টেবল টয়লেট, CART, ASL অনুবাদ এবং ইন্ডাকশন লুপ প্রযুক্তি প্রদান করা হবে।**

**অতিরিক্ত স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধ করতে, অনুগ্রহ করে 7ই জুলাইয়ের মধ্যে MOPD_DSF@cityhall.nyc.gov বা 212 - 788 - 2830 এ যোগাযোগ করুন।**

NYC
**Mayor's Office for People with Disabilities**

# Facebook এর উদাহরণ (সীমিত স্থান)

NYC MOPD

**New York City Mayor's Office for People with Disabilities**

15 জানুয়ারি

26শে জানুয়ারিতে দুপুর 12:00টা থেকে সন্ধ্যা 6:45 টা পর্যন্ত NYPL নিউ ইয়র্ক পাব্লিক লাইব্রেরিতে (The New York Public Library, NYPL) অ্যানড্রু হেস্কেল ব্রেইল অ্যান্ড টকিং বুক লাইব্রেরিতে (Andrew Heiskell Braille and Talking Book Library) #DescribeAthon17 আসুন এবং ওয়েবের ভিডিওগুলিকে অন্ধ দর্শকদের জন্য আরও বেশি প্রবেশসাধ্য করে তুলতে সাহায্য করুন। এখানে আরও জানুন: http://on.nypld.org/2itnlKT #a11y

# Describeathon 2017

# বৃহস্পতিবার, 26শে জানুয়ারি

# দুপুর 12:00টা থেকে সন্ধ্যা 6:45 টা

## অ্যানড্রু হেস্কেল ব্রেইল অ্যান্ড টকিং বুক লাইব্রেরি

New York Public Library

প্রবেশপথ ও রেস্টরুমগুলি পূর্ণরূপে প্রবেশসাধ্য
অতিরিক্ত স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধ করতে
অনুগ্রহ করে Jsmith@NYPLemail.com
অনুষ্ঠানের 72 ঘণ্টা

Describeathon 2017 - আপনার প্রিয় ওয়েব ভিডিওগুলিকে প্রবেশসাধ্য করে তুলতে সাহায্য করুন!

DescribeAthon17 এ আপনার বক্তব্য যোগ করে, ওয়েবে ভিডিওকে অন্ধ দর্শকদের জন্য আরও বেশি প্রবেশসাধ্য করে তুলতে সাহায্য করুন।

## Twitter এর উদাহরণ (সীমিত স্থান)

**NYC MOPD** @NYCDisabilities 28শে ডিসেম্বর

প্রতিবন্ধকতার গর্বের পক্ষে জ্যাজ কিংবদন্তীরা, 2017 প্রতিবন্ধকতার গর্ব প্যারেডের জন্য কিংবদন্তী জ্যাজ মিউজিসিয়ানরা অর্থ সংগ্রহ করছে winterjazzfest.com/jazzlegends




আপনার বিজ্ঞপ্তিগুলি সম্বন্ধে আপনার অতিরিক্ত কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে যোগাযোগ করুন

NYC Mayor's Office for People with Disabilities

(212) 788-2830